নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০০৭.২২.৪১৭

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০
০৪ জুন ২০২৩

বিষয়: **মুজিব শতবর্ষ উপলক্ষে ২০২২-২৩ অর্থ বছরে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের অধীন লক্ষীপুর জেলার রামগতি উপজেলায় চর পোড়াগাছা গুচ্ছগ্রাম এলাকয় বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতিস্তম্ভ ও বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রাম নির্মাণে লক্ষ্যে অর্থ বরাদ্দ।**

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০৮.০০০০.০০১.০২.০৪৯.২০২০-২৪২; তারিখ: ১৫-০৫-২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের ২০২২-২০২৩ অর্থ বছরে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের অধীন লক্ষীপুর জেলার রামগতি উপজেলার চর পোড়াগাছা গুচ্ছগ্রাম এলাকায় "বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতিস্তম্ভ ও বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রাম" নির্মাণের লক্ষ্যে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে মোট ৮৫.৭৯ লক্ষ টাকা নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক | কাজের নাম | কোড | টাকা | গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|---|
| ১ | আবাসিক ভবন (পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামের সেমিপাকা ঘর নির্মাণের নিমিত্ত ড্রয়িং ও প্রিন্টিং বাবদ) | ৪১১১১০১ | ১.৭২ | কুমিল্লা | লক্ষীপুর |
| ২ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে মাল্টিপারপাস হল নির্মাণ | ৪১১১২০১ | ৩.৬৪ | | |
| ৩ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে কিচেন মার্কেট নির্মাণ | | ৭.০৬ | | |
| ৪ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে দোতলা মার্কেট নির্মাণ | | ৬.৪২ | | |
| ৫ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে একতলা দোকান নির্মাণ | | ৮.১৪ | | |
| ৬ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে ৪টি ঘাটলাসহ রিটেনিং ওয়াল নির্মাণ | | ৪০.১৯ | | |
| ৭ | স্মৃতিসৌধ (পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে স্মৃতিস্তম্ভ নির্মাণ | ৪১১১৩০১ | ১৪.৬২ | | |
| ৮ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে বৃক্ষ, শস্য ও উদ্ভিজ সম্পদ | ৪১১৩১০২ | ৪.০০ | | |
| | | মোট = | ৮৫.৭৯ | | |

উক্ত খরচ উপসচিব জাতীয় প্রকল্প পরিচালক (অঃ দাঃ) গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১২ তলা, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা এর স্মারক নং/২৪২(১০) তারিখঃ ১৫/০৫/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরীকৃত ৮৫.৭৯ লক্ষ টাকা হিসাবের কোড নং ৪১১১১০১, ৪১১১২০১, ৪১১১৩০১ এবং ৪১১৩১০২ খাতসমূহের চলতি ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে। উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালনপূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ

করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

শর্তসমূহঃ

০১। উপরোল্লিখিত কাজসমূহ বাস্তবায়নের ব্যয় নির্বাহের নিমিত্ত উপ-বরাদ্দকৃত মোট ৮৫.৭৯ লক্ষ গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী, লক্ষীপুর গণপূর্ত বিভাগ, লক্ষীপুর-এর নিকট ন্যস্ত করবেন।

০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষীপুর এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

০৩। এই ব্যয় ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৪৩ বিস্তারিত হিসাব খাত ১৪৬০১-২২৪০৭৫৩০০ গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিডিআরপি) প্রকল্প হতে সংকুলান করা হবে।

০৪। অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA 2006 ও PPR 2008 (সর্বশেষ সংশোধনীসহ) প্রযোজ্য আর্থিক বিধি বিধান এবং প্রকল্প দলিলের সংস্থান অনুসরণ করতে হবে।

০৫। অনুমোদিত ডিপিপি বহির্ভূত কাজে এ অর্থ ব্যবহার করা যাবে না। মোট ব্যয় প্রকল্পের অংগভিত্তিক পরিমাণ ও প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত হবেনা।

০৬। অর্থ ব্যয়ের সময়ে সতর্কতা অবলম্বন করতে হবে যেন এ ব্যয়ের বিষয়টি যথাযথভাবে প্রতিফলিত হয়।

০৭। কাজ সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০২৩ এর পূর্বে চালানের মাধ্যমে ১-৪৬০১-০০০১-২৬৭১ নং সরকারি কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৮। **পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।**

৪-৬-২০২৩

মোঃ মাহাবুব হাসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী, লক্ষীপুর গণপূর্ত বিভাগ, লক্ষীপুর।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০০৭.২২.৪১৭/১(১৫)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৪ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পঃওবিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত জোন, চট্টগ্রাম।

৪) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপেস্নক্স, সেগুনবাগিচা, ঢাকা।

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা গনপূর্ত সার্কেল, কুমিল্লা।

৭) উপ সচিব জাতীয় প্রকল্প পরিচালক গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১২ তলা, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

৮) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৯) নির্বাহী প্রকৌশলী, , গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।

১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , , গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা পূর্ব পৃষ্টায় বর্ণিত তার স্মারকের বরাত বহন করে।

১১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।

১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৩) তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষীপুর।

১৫) গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।